আজকের কাগজ

204

তারিখ ... 13 APR 1994 ...
পৃষ্ঠা 7 কলাম 5

### ঢাকায় বেসরকারি স্কুল-কলেজ শিক্ষকদের বিশাল সমাবেশ

# দাবি না মানলে ১৮ এপ্রিল থেকে অবিরাম ধর্মঘট

**কাগজ প্রতিবেদক ঃ** বেসরকারি স্কুল-কলেজের শিক্ষকদের ৪ দফা দাবি ১৭ এপ্রিলের মধ্যে মেনে নেয়া না হলে ২ মে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষাকে সামনে রেখে আগামী ১৮ এপ্রিল থেকে সারা দেশের বেসরকারি স্কুল ও কলেজসমূহে অবিরাম ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে কেন্দ্রিয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আয়োজিত মহাসমাবেশ থেকে শিক্ষক নেতারা এ কর্মসূচি ঘোষণা করেন।

লিয়াজোঁ কমিটির আহবায়ক মোহাম্মদ কামরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা জাতির বৃহত্তর স্বার্থে শিক্ষা ক্ষেত্রে অচলাবস্থা নিরসনের জন্যে অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যে সরকারের প্রতি আহবান জানান।

মহাসমাবেশের ঘোষণায় শিক্ষাকে জাতীয়করণের লক্ষ্যে সরকারি শিক্ষক-কর্মচারিদের অনুরূপ ভাতাদিসহ বেসরকারি শিক্ষক-কর্মচারিদের জন্যে অবিলম্বে পূর্ণাঙ্গ বেতন স্কেল চালু প্রধানমন্ত্রীর নির্দেশে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির সুপারিশ অনুযায়ী লিয়াজোঁ কমিটির প্রতিনিধিদের সমন্বয়ে কল্যাণ ট্রাস্টের পুনর্গঠন ও চালুকরণসহ ১৫ দফার সুপারিশমালার বাস্তবায়ন ও বেসরকারি শিক্ষকদের জন্যে চাকরি-নিরাপত্তা আইন প্রণয়নের দাবি জানানো হয়। ঘোষণায় ইউনেস্কোর সুপারিশ অনুযায়ী জাতীয় আয়ের ৭ শতাংশ শিক্ষাখাতে বরাদ্দের দাবি জানানো হয়।

শিক্ষার গুণগত মানের উৎকর্ষ সাধনের জন্যে, শিক্ষকদের ভাগ্যোন্নয়ন, শিক্ষা উপকরণের মূল্য হ্রাস, শিক্ষাঙ্গনের সন্ত্রাস নির্মূলের লক্ষ্যে শিক্ষকদের দাবির প্রতি সমর্থন দানের জন্যে শিক্ষানুরাগী সকল ব্যক্তি, সংস্থা ও সংগঠনসহ আন্তর্জাতিক শিক্ষক সম্প্রদায়ের প্রতি ঘোষণায় আহবান জানানো হয়েছে।

দেশের সকল জেলা ও থানা থেকে হাজার হাজার শিক্ষক-কর্মচারি মহাসমাবেশে যোগ দেন। সমাবেশে শিক্ষক নেতারা ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে চলমান আন্দোলনকে আরো শাণিত ও জোরদার করে তোলার জন্যে সারা দেশের বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারিদের প্রতি আহবান জানান।

সভাপতির ভাষণে মোহাম্মদ কামরুজ্জামান বলেন, বাংলাদেশের শিক্ষকরা যখনই সরকারের বিরুদ্ধে আন্দোলনে নেমেছে তখনই সরকারের পতন হয়েছে। আমাদের দাবিদাওয়া অযৌক্তিক নয়। কিন্তু প্রধানমন্ত্রী শুধু আশ্বাসই দিয়ে চলেছেন। উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি করেছেন কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। তিনি আরো বলেন, আমরা বাধ্য হচ্ছি অবিরাম ধর্মঘট কর্মসূচির পথে যেতে।

সমাবেশে শিক্ষক নেতারা শিক্ষকদের জন্যে "চাকরি নিরাপত্তা আইন" প্রণয়নের দাবিসহ তাদের ১৫ দফা সর্বসম্মত সুপারিশনামা মেনে নেয়ার দাবি জানান। তারা বলেছেন, তাদের দাবিনামা আগামী ১৭ এপ্রিলের মধ্যে না মানলে আগামী ১৮ এপ্রিল থেকে সারাদেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে লাগাতার ধর্মঘটের ডাক দেয়া হবে।

উল্লেখ্য, সারা দেশে ১১ হাজার বেসরকারি হাই স্কুল ও ৬শ' ৪০টি কলেজে মোট পৌনে দু'লাখ শিক্ষক রয়েছেন।